

# একাদশে ভর্তির আবেদনের সময় বাড়ল

অনলাইন ডেস্ক

১১ জুন, ২০২৪ ০৯:২৬

শেয়ার

অ +

অ -



২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ভর্তির লক্ষ্যে প্রথম পর্যায়ে শিক্ষার্থীদের আবেদনের মেয়াদ বাড়ানো হয়েছে। আগামী ১৩ জুন রাত ৮টা পর্যন্ত শিক্ষার্থীরা ভর্তির আবেদন করতে পারবে। এর আগে ১১ জুন পর্যন্ত আবেদনের সময় ছিল।

পুনঃনিরীক্ষণে যেসব শিক্ষার্থীদের ফলাফল পরিবর্তন হবে তারাও ওই সময়ের মধ্যে আবেদন করতে পারবেন।

বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর তপন কুমার সরকার সোমবার (১০ জুন) এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছেন।

ঈদের ছুটির পর প্রথম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফলাফল প্রকাশ করা হবে ২৩ জুন।

এতে আরো বলা হয়, বোর্ডের নির্ধারিত ভর্তি ওয়েবসাইট ব্যতীত অন্য কোনো ফেইক ওয়েবসাইটের বিজ্ঞাপন হতে কোন শিক্ষার্থী ও অভিভাবক প্রতারিত হলে বোর্ড কর্তৃপক্ষ কোনোক্রমেই এর দায় বহন করবে না।

বোর্ডসমূহের নির্ধারিত ভর্তি ওয়েবসাইট: <https://www.xiclassadmission.gov.bd>